

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২৮.১৮-২৭৭


তারিখঃ ০১/০৪/২০১৯ খ্রিঃ

অফিস আদেশ

জনাব মোঃ সাইদ আকন, মাঠ সংগঠক, বামনা, বরগুণা (বোরহানউদ্দীন, ভোলা বদলি আদেশপ্রাপ্ত) বিগত ১২/১২/২০১৮ খ্রিঃ তারিখ ইরেসপো কর্মসূচি অফিসে অতর্কিত লাঠি হামলা করে কর্মসূচির এআরডিও জনাব মোঃ শাহাদাৎ হোসেন'কে শারীরিকভাবে লাঞ্চিত করেন; যা অফিস শৃঙ্খলা ও চাকুরী বিধি পরিপন্থী। এছাড়া সুফলভোগী হতে আদায়কৃত ১৫৭১৩৪.০০ টাকা হস্তমজুদসহ দায়িত্বে অবহেলার কারণে তার ব্লকভুক্ত সমিতিসমূহে ৪২৭৫০৩.০০ টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপী ও চলতি অর্থবছরে বিতরণের লক্ষ্যমাত্রা ৭০.০০ লক্ষ টাকার বিপরীতে ডিসেম্বর/১৮ পর্যন্ত মাত্র ১৪.৩৭ লক্ষ টাকা বিতরণ করেন। এমতাবস্থায়, অফিস শৃঙ্খলা ও চাকুরী বিধি পরিপন্থী কার্যক্রম এবং অসন্তোষজনক কর্মসূচি কার্যক্রম এর জন্য তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। তার অপরাধের ধরন, প্রকৃতি ও গভীরতা বিবেচনায় তাকে সাময়িক বরখাস্ত করা প্রয়োজন বিধায় জনাব মোঃ সাইদ আকন, মাঠ সংগঠক, বোরহানউদ্দীন, ভোলা-কে বিআরডিবি'র কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৮ এর উপপ্রবিধান ৪৫(১) মোতাবেক কর্মসূচির চুক্তিভিত্তিক নিয়োগ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। তাকে বিআরডিবি জেলা দপ্তর, ভোলা সংযুক্ত করা হলো এবং ০৬/০৪/২০১৯ খ্রিঃ পূর্বাঙ্ক হতে তাৎক্ষণিকভাবে অবমুক্ত করা হলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আশ্ৰম
প্রকল্প পরিচালক, ইরেসপো
ফোন-০২-৮১৮০১৪৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. জনাব মোঃ সাইদ আকন, মাঠ সংগঠক (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ বোরহানউদ্দীন, জেলাঃ ভোলা (বোরহানউদ্দীন, ভোলা বদলি আদেশপ্রাপ্ত)।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ভোলা/বরগুণা।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ বামনা/বোরহানউদ্দীন, জেলাঃ বরগুণা/ভোলা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ বামনা/বোরহানউদ্দীন, জেলাঃ বরগুণা/ভোলা।
৫. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. অফিস নথি/ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা {পরিচালক (সরেজমিন) মহোদয়ের সদয় অবগতির জন্য}।